

## ANNEXURE-A

কস্য রায়ত দখিল স্বত্ব বিশিষ্ট ভিটা মায় যাবতীয় স্বত্ব সমেত সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাধগে জেলা- বর্ধমান, থানা- জামালপুর, পাঁচশিমূল মৌজা নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি গত ইং ১৯৭৪ সালে ২১ শে নভেম্বর বর্ধমান দ্বিতীয় মুনসেফ কোর্ট হইতে রেজিস্ট্রীকৃত ওয়ারিশন সূত্রে আপোষ বন্টন নামা দলিল মূলে বন্টন নামা সূত্রে প্রাপ্ত সনৎ কুমার ঘটক যাহা সাবেক দাগ নং ৩১৯, হাল দাগ নং ৩৭৮ দাগে বর্তমানে এল. আর. সেটেলমেন্ট রেকর্ডে ১৩৮২ নিজ নিজ নাম পত্তন করাইয়া রীতিমত অবিবাদে ভোগ দখল করত: স্বত্ববান ও দখলকার হইয়াছি ও আছি। ভোগ দখল করা কালীন পরলোক গমন করিলে পর তাঁর ত্যক্ত অন্যান্য সম্পত্তি সম্বলিত নিম্ন তপশীল লিখিত সম্পত্তির আমরা তাঁর স্ত্রী ও একমাত্র পুত্র ওয়ারিশন সূত্রে প্রাপ্ত হইয়া রীতিমত অবিবাদে ভোগ দখল করত: স্বত্ববান, স্বত্ববতী, দখলকার, দখলকারিনী হইয়াছি ও আছি।

এক্ষনে আমরা নানবিধ বৈধ কারনে নগদ টাকার বিশেষ আবশ্যিক হওয়ায় তপশীলোক্ত সম্পত্তি আমরা বিক্রয়ের ঘোষণা প্রকাশ ও প্রচার করিলে এবং আপনাদের জ্ঞাত করিলে আপনারা বর্তমান খরিদ অনুযায়ী তপশীলোক্ত সম্পত্তি- ৯,৫০,৪৫৪ টাকা পন মূল্যে খরিদ ইচ্ছুক হইয়া আমাদের জানাইলে আমরা বর্তমান বাজার যাচাই অস্ত্রে উক্তরূপ পনমূল্য বাজারোচিৎ এবং সর্বোচ্চ জানিয়া আপনাদের বিক্রয় করিতে সম্মত ও স্বীকৃত হইয়া অদ্যকার তারিখে আপনাদের নিকট হইতে পন মূল্যের সমূহ ৯,৫০,৪৫৪ টাকা এককালীন নগদে প্রাপ্ত হইয়া আপনাদের সংস্থা রাধাগোবিন্দ বি. এড. টিচার ট্রেনিং কলেজ এর পক্ষে আপনাদের নামে বরাবর অত্র সাফ বিক্রয় কোবালা দলিল সম্পাদন করিয়া দিয়া অদ্যই আপনাদের তপশীলোক্ত সম্পত্তিতে দখলে প্রতিষ্ঠিত করিয়া এতদ্বারা স্বীকার অঙ্গীকার প্রচার ও প্রকাশ করিতেছি যে, অদ্যকার তারিখ হইতে নিম্ন তপশীল বর্নিত বিক্রীত সম্পত্তিতে আমার যাহাকিছু স্বত্ব স্বমিত্ব হক হকিয়ৎ লাভ লভ্য ইজমেন্ট স্বত্বাদি ছিল বা আছে বা থাকিতে পারে তৎসমুদয় অত্র কোবলায় দলিলমূল্যে রদ ও রহিত হইয়া আপনার উপর বর্তাইল। আপনি অদ্যকার তারিখ হইতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান মতে মালিক ও দখলীকার হইয়া সরকারী দপ্তরে সাবেক নাম খরিজ অস্ত্রে নিজ নাম পত্তনে যদৃচ্ছামতে পরমসুখে ভোগদখল করিতে থাকুন তাহাতে আমার মায় ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে কেহ কখনও কোনও প্রকার ওজর আপত্তি বা দাবী দাওয়া করিব না বা করিবে না বা কেহ করিলেও তাহা সর্বস্থলে বাতিল ও নামঞ্জুর বলিয়া গণ্য হইবে। অত্র দলিল দ্বারা তপশীলোক্ত সম্পত্তিতে

Asis Kr. Das

